

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট

ফোন-৯৫৬৫৩৮৫

Website: www.janatabank-bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৭৭৯/১৭

তারিখ : ২৩ শে অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ  
০৮ ই কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক / উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট / বিভাগীয় কার্যালয় /  
লোকাল অফিস / জনতা ভবন কর্পোরেট শাখা / এরিয়া অফিস / সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : জনতা ব্যাংক লিমিটেড এর শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীর মৃত্যুর পর  
তার বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।


মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে ১১-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৪৯৩ তম সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা  
হয় :

“ অর্থ বিভাগের ০১-০২-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-০৮ নং প্রজ্ঞাপন এবং ১১-০৭-২০১৬ তারিখের  
০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭২ নং পত্রের ধারাবাহিকতায় উল্লেখ্য যে, শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত  
কর্মচারীগণের মৃত্যুর পর তাদের বিধবা স্ত্রী ও প্রতিবন্ধী সন্তান আজীবন এবং বিপত্তীক স্বামী সর্বাধিক ১৫ (পনের) বছর  
( শতভাগ পেনশন সমর্পণকারী কর্মচারীর অবসর গ্রহণের তারিখ হতে মোট ১৫ (পনের) বৎসর মেয়াদ পূর্তির কোন সময়  
অবশিষ্ট থাকলে শুধুমাত্র উক্ত সময় পূর্তি পর্যন্ত ) মাসিক চিকিৎসা ভাতা ও বছরে ২টি উৎসব ভাতা প্রাপ্য হবেন। তবে পুনরায়  
বিবাহ বন্ধনে আবদ্ধ হলে বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী এ সুবিধা প্রাপ্য হবেন না। শতভাগ পেনশন সমর্পণকারীগণ শতভাগ পেনশন  
সমর্পন না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন তার ভিত্তিতে উৎসব ভাতার পরিমাণ নির্ধারিত হবে। উক্ত সুবিধা  
০১-০২-২০১৬ হতে কার্যকর করে উক্ত তারিখ হতে অনুত্তোলিত/বকেয়া অংশসহ উৎসব ভাতা এবং চিকিৎসা ভাতা প্রদান  
করার বিষয়ে অনুমোদন দেয়া হ'ল।”

এমতাবস্থায়, অর্থ বিভাগের জারীকৃত প্রজ্ঞাপন অনুসরণ পূর্বক এবং পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য  
সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, এতদবিষয়ে অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬৮৪/২০১৬ তারিখ-  
১৬-০৫-২০১৬ ও নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭১৫/১৬ তারিখ-০৩-১১-২০১৬ অনুসরণীয়।

আপনার বিশ্বস্ত

  
(শাহ মোঃ আসাদ উল্লাহ)  
উপ-মহাব্যবস্থাপক

  
(মোঃ মিজানুর রহমান)  
মহাব্যবস্থাপক